*পবিত্র ইঞ্জিল শরিফ ১৩ নম্বর ছিপারা*

# পয়লা থিষলনিকিয়া

## পরিচিতি

আল্লা পাকর হুকুমে অউ ছিপারা লেখছইন, হজরত ইছা আল-মসীর সাহাবি হজরত পাউলুছ (রা:)। হজরত ইছায় বেহেস্তো তশরিফ নেওয়ার অনুমান ১৭ বছর বাদে থিষলনিকি জমাতর গেছে অউ পয়লা বার চিঠির আকারে ইখান লেখা অইছে। থিষলনিকি আছিল মাকিদনিয়া দেশর রাজধানি। হজরত পাউলুছ কয়েক হাপ্তা অউ জাগাত আছলা, তান লগে আছলা তিমথি নামর এক ইমানদার। অউ টাউনো হজরত ইছার উম্মত অকলর এক জমাত অইছিল, হজরত তিমথিয়ে অউ জমাতর দেখা-হুনা করতা (সাহাবি নামা ১৭ রুকু দেখবা)।

জুলুমর লাগি হজরত পাউলুছ ই জাগা থাকি হরিয়া যাওয়ার বাদে হজরত তিমথিয়ে অউ জমাতর হাল-হকিকত তানরে জানাইছইন, জানিয়া তাইন ই ছহিফা লেখছইন। ই ছিপারার ৪ রুকু ১৪ আয়াতো আছে, "হজরত ইছায় দুছরাবার তশরিফ আনলে, ইছার উপরে ইমান আনিয়া যেরার মউত অইছে, আল্লায় তারারেও ইছার লগে মিলন করিয়া তান লগে নিবা।" অতার লাগি তারারে সাওস দেওয়া অর।

**এরমাজে আছে,**

(ক) থিষলনিকি জমাতর ইমান ...............................১:১-১০ আয়াত
(খ) থিষলনিকি টাউনো হজরত পাউলুছর আগর সফর ...........২:১-১৬
(গ) থিষলনিকির মুমিনরে হিরবার দেখার খিয়াল ............ ২:১৭-৩:১৩
(ঘ) শরিলরে পবিত্র রাখিয়া হুশিয়ার রও ........................... ৪:১-১২
(ঙ) আল-মসী দুছরাবার আইবার হাল-হকিকত ............. ৪:১৩-৫:১১
(চ) কুড়িয়ামি বাদ দিয়া নেক কাম করো ......................... ৫:১২-২৮

১ আমি পাউলুছ, ভাই সিলাছ আর তিমথিয়ে থিষলনিকি টাউনর জমাতর গেছে লেখরাম। তুমরা আমরার গাইবি বাফ আল্লা পাক আর হজরত ইছা আল-মসীর আপন জন অইছো। তুমরার উপরে রহমত আর শান্তি নাজিল অউক।

*থিষলনিকি জমাতর ইমান*

২ আমরা দোয়া করার বালা হামেশা তুমরার জমাতর হকলর নাম মনো করিয়া আল্লার শুকরিয়া আদায় করি। ৩ ইমানর লাগি তুমরা যে কাম কররায়, মহব্বতর লাগি তুমরা যে মেনত কররায় আর হজরত ইছা আল-মসীর উপরে আশা-ভরসা করিয়া তুমরা যে ছবর কররায়, ইতা আমরার গাইবি বাফ আল্লার দরবারো দোয়া করার সময় হামেশা মনো করি।

৪ ও ভাই অকল, আল্লার মায়ার বন্দা অকল, আমরা জানি, আল্লায়উ তুমরারে পছন্দ করছইন। ৫ আমরার খুশ-খবরির তবলিগ কাম তো তুমরার গেছে খালি মুখর কথাউ রইছে না, বরং আল্লাই বল, পাক রুহ, আর নিচ্চিত ভরসার উপরে চালু অইছে। তুমরার ভালাইর লাগি আমরা যেবলা তুমরার লগে রইতাম, অউ সময় কিলান চলছি, ইতা তো তুমরা জানোউ। ৬ তুমরা বউত জুলুম-মছিবতর মাজেও পাক রুহর দেওয়া খুশিয়ে আমরার তবলিগ কবুল করিয়া, আমরার আর মালিকর পথে চলরায়। ৭ অউলা চলিয়া তুমরা মাকিদনিয়া আর গ্রীস দেশর মুমিন অকলর গেছে এক নিশানা অইগেছো। ৮ মালিকর কালাম তুমরার মাজদি খালি মাকিদনিয়া আর গ্রীস দেশোউ ছিতরিছে না, বরং আল্লার উপরে তুমরার ইমানর কথা হকল জাগাতউ ছিতরিগেছে। ই বেয়াপারে আমরা কুন্তা মাতার জরুর নায়। ৯ হকল মানষেউ তো আমরারে কইরা, তুমরা কতো আদর করিয়া আমরারে কবুল করছিলায়, তারা এওখান কইরা, তুমরা কিলা দেব-দেবীন্তর পুজা বাদ দিয়া আল্লার পথি অইয়া, জিন্দা হক আল্লার এবাদত করাত আইছো। ১০ আর মুর্দা অকলর মাজ থাকি যেনরে জিন্দা করি তুলা অইছে, হউ ইছা দুনিয়াত আওয়ার বার চাইতায় পারো। তাইন অইলা আল্লার খাছ মায়ার জন ইবনুল্লা, বেহেস্ত থাকি লামিয়া আইরা, আল্লার যে গজব আইয়া লামের, ই গজব থাকি অউ ইছায় আমরারে বাচাইবা।

### *থিষলনিকি টাউনো হজরত পাউলুছর আগর সফর*

২ ভাই অকল, তুমরা তো নিজেউ জানো, তুমরার গেছে আমরার যাওয়া খান বেকামা গেছে না। ২ তুমরা এওখানও জানো, এর আগে আমরা ফিলিপি টাউনো জুলুম-মছিবতো পড়ছলাম আর বেইজ্জত অইছলাম। বাদে তুমরার অনোও বউত বাধা-নিষেধ কাটাইয়া আমরা আল্লাই সাওসে সাওসি অইয়া দিলে-জানে তান খুশ-খবরি খুলামেলা তবলিগ করছিলাম। ৩ আমরার দাওত তো কুনু ভুল তালিম থাকি নায়, কুনু বদ নিয়তেও নায় বা কুনু টগা-টগির নিয়তেও নায়। ৪ খালি আল্লায় আমরারে যোইগ্য মনো করিয়া যেলা খুশ-খবরি তবলিগর দায়িত্ব দিছইন, আমরা অলাউ তবলিগ কররাম। কুনু মানষরে খুশ করার নিয়তে আমরা ইতা কইরাম না, খালি যেইন আমরার দিলরে যাচাই করিয়া দেখইন, হউ আল্লারে খুশ করার লাগিউ তবলিগ কররাম। ৫ তুমরা তো জানো, আমরা কুনু সময়উ কেউরর গেছে তেল-মালিশ করিয়া কথা মাতছি না, আর কুনু লোভ-লালছো পড়িয়া ধান্দা-বাজির কামও করছি না, এক আল্লাউ ইতার সাক্ষি। ৬ কুনু মানষর গেছ থাকি ইজ্জত পাইতে আশা করছি না, তুমরার গেছ থাকিও না, বা বাইরা মানষর গেছ থাকিও না। ৭ আমরা ইচ্ছা করলে তো আল-মসীর সাহাবি হিসাবে তুমরার উপরে দাবি খাটাইতাম পারলাম অনে। অইলে এর বদলা, মা'য় যেলা নিজর হুরুতাইনরে যয়-যতন করইন, তুমরার লগে থাকার সময় আমরাও অলা নরম বেবহার করছি। ৮ তুমরার লাগি খুব বেশি মায়া-মহব্বত অওয়ায়, খালি আল্লাই খুশ-খবরি তবলিগ নায়, আমরার নিজর জান দিতেও রাজি আছলাম। জানো তো, তুমরা অইলায় খুব মায়ার মানুষ।

৯ ভাইয়াইনরে, আসলে তো আমরার মেনত আর আটনি-খাটনির কথা, নিচ্চয় তুমরার মনো আছে। আল্লাই খুশ-খবরি তবলিগর ফাকে ফাকে আমরা দিনে-রাইতে রুজি-রোজগার করছি, যাতে আমরার খরচা-পাতি তুমরা কেউরর লাগি বোঝা না অয়। ১০ আর তুমরা যেরা ইমান আনছো, তুমরার লগে তো আমরার আচার-বেবহার আছিল পবিত্র, হক আর নিখুত। তুমরাউ ইতার সাক্ষি, আর আল্লা পাকও সাক্ষি আছইন। ১১ তুমরা তো জানো, বাফে যেলা নিজর পরতেক আওলাদরে উৎসাহ, সান্তনা আর মজবুত পরামিশ

দেইন, আমরাও তুমরা হকলরে অউলা পরামিশ দিতাম, ১২ যাতে আল্লার বন্দা হিসাবে তুমরা উপযুক্ত অইয়া চলো। আল্লায় তুমরারে দাওত দিরা, তান নিজর বাদশাই আর গৌরবর ভাগি অওয়ার লাগি।

১৩ মনো রাখিও, আমরা হামেশা আল্লার শুকরিয়া আদায় কররাম, কারন আমরার গেছ থাকি আল্লার কালাম হুনিয়া তুমরা যেবলা ইমান আনছিলায়, হউ সময় কুনু মানষর মুখর কথা নায়, বরং আল্লার কালাম হিসাবেউ তুমরা ইতা কবুল করছিলায়, আর হাছাউ ইতা আল্লার কালাম। তুমরা যেরা ইমান আনছো, হউ কালামেউ তুমরার দিলো কাম করের। ১৪ ভাই অকল, হজরত ইছার তরিকায় চলরা আল্লার যতো জমাত অকল এহুদিয়া জিলাত আছে, তুমরার হাল-হকিকত তো তারার লাখানউ। কারন তারা যেলা নিজর ইহুদি জাতির আতো দুখ-মছিবত পাইছইন, তুমরাও অউলা নিজর জাতির মানষর গেছ থাকি দুখ-মছিবত পাইছো। ১৫ মনো রাখিও, ইহুদি অকলে হজরত ইছা আর নবী অকলরে কাতল করছিল, তারা আমরার উপরেও জুলুম করছে। তে আল্লা পাক তারার উপরে খুশি নায়, হকল মানষর লগেও তারার দুশমনি ভাব আছে। ১৬ তারা আমরারে নিষেধ দিরা, যাতে ভিন-ধর্মী মানষর গেছে আমরা আল্লাই নাজাতর খুশ-খবরি তবলিগ না করি। অউ লাখান তারা যারযির গুনার বোঝা বড় কররা। এরলাগি তারার উপরে আল্লার খাড়া গজব লামছে।

### *থিষলনিকির মুমিনরে হিরবার দেখার খিয়াল*

১৭ ও ভাই অকল, মনর দিক থাকি না অইলেও, শরিলর দিক থাকি তো আমরা থুড়া দিনর লাগি, তুমরার গেছ থাকি হরাইল আছি। এরলাগি আমরার খুব খিয়াল আছে, যাতে তুমরার মুখ খান হিরবার দেখতাম পারি। ১৮ আমরা হকলউ, খাছ করি আমি পাউলুছে বার-বার চেষ্টা করছি তুমরার গেছে আইতাম। অইলে শয়তানে আমরারে আটকাইলিছে। ১৯ হাছাউ আমরার মালিক ইছায় যেবলা তশরিফ আনবা, অউ সময় তান ছামনে আমরার আশা, আনন্দ আর গৌরবর জয়র মালা হিসাবে কিতা পাইমু? ইতা তো তুমরাউ নায় নি? ২০ আসলে তুমরাউ আমরার গৌরব, তুমরাউ আমরার আনন্দ।

৩ বাদে আমরা যেবলা আর সইয্য করতাম পারলাম না, অউ সময় আমরা নিয়ত করলাম, আমরা একলাউ আথিনিয়া টাউনো রইয়া, ২ আমরার ভাই তিমথিরে পাঠাইমু, যাতে তাইন গিয়া তুমরার ইমান মজবুত করইন আর মনর সাওস যুগাইন। তাইন তো আল-মসীর খুশ-খবরির তবলিগ কামো আল্লার খাদিম, আমরার লগর ভাই, তানরে পাঠাইলাম, ৩ যাতে অউ দুখ-মছিবতর মাজেও তুমরা কেউ খরেদি না যাও। তুমরার জানা আছে, দুখ-মছিবত আমরার উপরে ঠিকউ আইবো, আর ইতা সইয্য করা লাগবো। ৪ আমি আগে যেবলা তুমরার লগে আছলাম, হউ সময় তুমরারে কইছি, দুখ-মছিবত আমরার উপরে আইবোউ, আর ঠিকউ অলাখান আইছে। ৫ তে আমি যেবলা আর সইয্য করতাম পারলাম না, অউ সময় তুমরার ইমানর হালত দেখার লাগি তিমথি ভাইরে পাঠাইলাম। আমার মনো ডর আছিল, কিযানু শয়তানে তুমরারে লালছ দেখাইছে আর আমরার হকল মেনত বেকামা গেছেগি।

৬ অইলে তিমথি ভাই তুমরার গেছ থাকি ফিরিয়া আইয়া আমরারে জানাইছইন, তুমরার ইমান আর মায়া-মহব্বতর হালত বউত ভালা। তাইন কইছইন, তুমরা হামেশা মায়া-মহব্বতে আমরারে মনো করো, আর আমরা যেলা তুমরারে দেখতাম চাইরাম, তুমরাও অউলা আমরারে দেখার আশা কররায়। ৭ ও ভাই অকল, এরলাগিউ তুমরার ইমানর মজবুতির কথা হুনিয়া, আমরার অতো দুখ-মছিবতর মাজেও দিলো শান্তি পাইছি। ৮ তুমরা মালিকর উপরে ইমানে মজবুত রইলেউ, আমরার জিন্দেগি খান ধইন্য। ৯ তুমরারে লইয়া আল্লার দরবারো আমরা যে খুশি-বাসি করিয়ার, ইতার লাগি আমরা কিলা আল্লার শুকরিয়া জানাইতাম, জানরাম না। ১০ আমরা মন দিয়া দিনে-রাইতে হামেশা দোয়া কররাম, যাতে তুমরার মুখ খান হিরবার দেখার সুযোগ পাই, আর তুমরার ইমানর বাদ-বাকি হকলতা পুরা করতাম পারি।

১১ তে গাইবি বাফ আল্লায় আর হজরত ইছা আল-মসীয়ে যানু, তুমরার গেছে যাওয়ার লাগি আমরারে সুযোগ দেইন। ১২ আমরা যেলা তুমরার বায় মায়া-মহব্বতর মাজে ডুবি গেছি, ঠিক অউলা মালিক ইছায় তুমরারেও একে-অইন্যে, আর হকলর বায় মায়া-মহব্বতে হাবু-ডুবু খাওয়াউক্কা। ১৩ অউ লাখান তাইন তুমরার দিল পুরাপুর মজবুত করউক্কা, যাতে আমরার হজরত ইছায় যেবলা তান নিজর পাক বন্দা অকল লইয়া তশরিফ আনবা, অউ সময় আমরার গাইবি বাফ আল্লার নজরো তুমরা পবিত্র আর নিখুত রওও।

*শরিলরে পবিত্র রাখিয়া হুশিয়ার রও*

৪ ও ভাইয়াইন হুনো, আল্লারে খুশি করার লাগি কেমনে জিন্দেগি কাটানি লাগে, ই তালিম তো তুমরা আমরার গেছ থাকি আগেউ পাইছো আর তুমরা অলা চলরায়ও। এরবাদেও হজরত ইছার অইয়া তুমরারে মিনত করিয়ার আর হুশিয়ার করিয়ার, তুমরা যেলা চলরায়, অউলা আরো বেশ করি চলো। ২ হজরত ইছার দেওয়া এখতিয়ারে আমরা যেতা হুকুম দিছি, ইতা তো তুমরার জানা আছে।

৩ আসলে আল্লায় চাইরা, তুমরা যানু পাক-পবিত্র অও, মানি হকল নমুনার জিনা থাকি হরিয়া রও। ৪-৫ আর যেতা মানষে আল্লারে চিনইন না, হউ ভিন-ধর্মীর লাখান শরিলর খাইশর বশে না চলিয়া, তুমরা পরতেক জনে যারযির শরিলরে পাক-পবিত্র রাখিয়া মান-সম্মানে জিনা থাকি হুশিয়ার রও। ৬ ই বেয়াপারে কেউ যানু নিজর ভাইর লগে গাদ্দারি না করে। মনো রাখিও, আমরা আগেউ তুমরারে কইছি আর হুশিয়ারও করছি, ইতা নাফরমানি করলে মালিক ইছায় সাজা দিবা। ৭ আল্লায় কুনু আমরারে দাওত দিছইননি নাফরমানির পথে চলার লাগি? তাইন তো আমরারে পাক-পবিত্র অইয়া চলার লাগি কইছইন। ৮ এরলাগি যেগিয়ে ই তালিম মানে না, হে খালি দুনিয়ার মানষরে মানে না ইখান নায়, হে আসলে হউ আল্লারেউ মানের না, যেইন তুমরারে পাক রুহ দান করছইন।

৯ তে ভাইয়ে-ভাইয়ে কিলা মায়া-মহব্বত থাকা জরুর, ই বেয়াপারে তুমরারে কুন্তা লেখার গরজ নাই, কারন আল্লায় তুমরারে হিকাইছইন, একে-অইন্যে মায়া-মহব্বত করতায়। ১০ আর হাছাউ তুমরা আস্তা মাকিদনিয়া দেশর ভাই-বইনরে অউলা মায়া কররায়। অইলে আমরার খাছ অনুরোধ অইলো, তুমরার ই মহব্বত যানু দিনে দিনে আরো বাড়ে। ১১ হুনো, আমরা আগে যেলা কইছি, অউ কথা মাফিক শান্তিয়ে জিন্দেগি কাটাও, পরর কামো নাক না গলাইয়া নিজে কাম করিয়া খাও। ১২ তেউ বাইরা মানষর চখুত তুমরার চাল-চলন ভদ্র অইবো, আর অইন্য জনর রুজির উপরে তুমরার ভরসা করা লাগতো নায়।

### *আল-মসী দুছরাবার আইবার হাল-হকিকত*

১৩ ও ভাই অকল, হুনো, মুর্দা অকলর কুন হালত অইবো, আমরা চাইরাম ইতা তুমরা জানো, যাতে মরন বাদে কিতা অইবো ইখান না জানায় যেরা নিরাশ অইযায়, তুমরার মন যানু ইলাখান না অয়। ১৪ হুনো, আমরা যেবলা একিন করি, হজরত ইছার মউত অইছিল অইলে তাইন জিন্দা অইয়া উঠছইন, তে এওখানও একিন করি, হজরত ইছায় দুছরাবার তশরিফ আনলে ইছার উপরে ইমান আনিয়া যেরার মউত অইছে, আল্লায় তারারেও ইছার লগে মিলন করিয়া তান লগে নিবা। ১৫ এরলাগি মালিকর কালাম মাফিক তুমরারে কইরাম, আমরা যেরা জিন্দা আছি আর মালিকে তশরিফ আনার আগ পর্যন্ত জিন্দা রইমু, আমরা কুনুমন্তেউ হি মুর্দা অকলর আগে যাইতাম পারতাম নায়। ১৬ কারন আল্লাই শিংগার আওয়াজর লগে লগে, পরধান ফিরিস্তার ডাকর লগে, মালিক ইছায় জুরে হাউকদি হুকুম দিবা, তাইন নিজেউ বেহেস্ত থাকি লামিয়া আইবা। আর আল-মসীর উম্মত বনিয়া যেরার মউত অইগেছে, তারাউ পয়লা জিন্দা অইয়া উঠবা। ১৭ এরবাদে আমরা যেরা দুনিয়াত জিন্দা থাকমু, আমরার মালিকর লগে মুলাকাত করার লাগি আমরারেও মেঘর চাকাত করি আছমানো তুলিয়া নেওয়া অইবো। অলাখান আমরা চিরকাল মালিকর লগে রইমু। ১৮ এরলাগি তুমরা অতা জানাইয়া এক জনে আরক জনরে উৎসাহ দেও।

৫ ভাইয়াইনরে, কুন জমানাত কুন সময় কিতা ঘটিবো, ইতা তুমরার গেছে লেখার জরুর নাই। ২ তুমরা নিজেউ তো ভালা করি জানো, রাইতকুর বালা যেলা আখতাউ চুর আয়, মালিক ইছা আইবার দিনও ঠিক অলাউ আইবো। ৩ ই জগতর মানষে যেবলা কইবা, “হকলতা শান্তি অইগেছে, কুনু ডর-ভয় নাই,” অউ সময়, বেটিন্তর হুরুতা অওয়ার বেদনা যেলা আখতাউ ধরে, অউলা অতা মানষর সর্বনাশ আখতাউ অইবো। তারা কুনুমন্তেউ রেহাই পাইতো নায়।

৪ ভাই অকল, তুমরা কুনু আন্দারির মাজে বসত কররায় নি যেন, হউ দিন আখতাউ চুরর লাখান তুমরার উপরে আইতো? ৫ তুমরা হকলউ তো আল্লার নুরর আর দিনর ফরর মানুষ। আমরা তো আন্দারির বা রাইতর বালার মানুষ নায়। ৬ এরলাগি আও, অইন্য মানষর লাখান আমরা না

ঘুমাইয়া বরং হজাগ রই আর নিজরে সামলাইয়া রাখি। ৭ জানো তো, যেরা ঘুমায়, তারা রাইতর বালায়উ ঘুমায় আর যেরা মদখুর, রাইত অইলে তারা মদ খাইয়া টাল অয়। ৮ অইলে আমরা তো দিনর ফরর মানুষ, এরলাগি নিজরে সামলাইয়া রাখি। আমরার বুক বাচানির লাগি ইমান আর মহব্বত দিয়া বুক গুরি, আর মাথারে বাচানির লাগি আল্লাই নাজাতর আশারে সিপাইর কেপর লাখান মাথাত লাগাই। ৯ মনো রাখিও, আল্লায় আমরারে সাজা দিবার লাগি ডাকিয়া আনছইন না, বরং আমরার মালিক ইছা আল-মসীর উছিলায় নাজাত পাওয়ার লাগিউ ডাকিছইন। ১০ আর আল-মসীর মউত অইছে তো আমরার লাগিউ, যাতে আমরা বাচি বা মরি, তান লগেউ হামেশা জিন্দা রই। ১১ এরলাগিউ তুমরা অখন যেলা কররায়, হামেশা অলা একে-অইন্যরে সাওস দেও আর গড়িয়া তুলো।

*কুড়িয়ামি বাদ দিয়া নেক কাম করো*

১২ তে ভাইয়াইন, আমরা মিনত করিয়া কইয়ার, তুমরার লাগি যেরা আটনি-খাটনি খাটইন, মালিকর অইয়া তুমরারে চালাইন আর নছিয়ত করইন, তুমরা এরারে ইজ্জত করিও। ১৩ তারা যেলা খেজমত কররা, অতার বায় চাইয়া দিলর মহব্বতে তারারে খাছ ইজ্জত দিও। আর তুমরা একে-অইন্যে মিলি-মিশি রইও। ১৪ ও ভাই অকল, তুমরারে অউ নছিয়ত খান করিয়ার, যেতা মানুষ কুড়িয়া, তুমরা ইতারে হুশিয়ার করি দেও, ডরালোক জনরে সাওস দেও, কমজুর অকলরে সাইয্য করো, আর ধৈর্য ধরিয়া হক্কলরে সইয্য করো। ১৫ খিয়াল রাখিও, অইন্যায়র বদলা কেউ যানু অইন্যায় না করে। তুমরা হামেশা একে-অইন্যর, আর হকলরউ ভালাই করার চেষ্টা করিও।

১৬ হকল সময় খুশি-বাসি করাত রইও, ১৭ হামেশা দোয়া-মুনাজাত করিও ১৮ আর হকল হালতো আল্লার শুকরিয়া আদায় করিও। কারন আল্লা পাকর খিয়াল অইলো, হজরত ইছা আল-মসীর লগে ইমানে তুমরা অলাখান চলো। ১৯ পাক রুহরে দিলর ভিতর থাকি নিভাইও না। ২০ আর যেরা আল্লার অলি হিসাবে বাতুনি কইন, তারার কথারে এলামি করিও না, ২১ বরং হকলতা যাচাই করি দেখিয়া, ভালাখান ভিতরে হারাইও। ২২ আর হকল নমুনার নাফরমানি থাকি হরিয়া রইও।

২৩ শান্তি দেওরা আল্লায় নিজে তুমরারে পুরাপুর পাক-পবিত্র করউক্কা, আমরার মালিক ইছা আল-মসীয়ে তশরিফ আনার কালো তুমরার আস্তা শরিল, রুহ আর দিলরে পুরাপুর নিখুত রাখউক্কা। ২৪ আর তাইন নিচ্চিত অলাউ করবা। জানো তো, যেইন তুমরারে দাওত করি আনছইন, তান উপরে পুরাপুর ভরসা করা যায়।

২৫ ও ভাইয়াইন, আমরার লাগি দোয়া করিও। ২৬ তুমরা একে-অইন্যে পবিত্র গলাগলি করিও। ২৭ আমরার মালিকর নামে আমি তুমরারে অউ হুকুম দিয়ার, অউ চিঠি খান পড়িয়া যানু হকল ভাইয়াইন্তরে হুনাইল অয়।

২৮ আমরার মালিক ইছা আল-মসীর রহমত তুমরার লগে রউক। আমিন॥